

## 37805 - রোয়ার শুরুতে দোয়া করার বিশেষ কোন দোয়া নাই

প্রশ্ন

রোয়ার শুরুতে আমরা কোন দোয়া দিয়ে দোয়া করতে পারি?

প্রিয় উত্তর

ইমাম তিরমিয়ি (হাদিস নং-৩৪৫১) তালহা বিন উবাইদুল্লাহ্ (রাঃ) থেকে বর্ণনা করেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন নতুন চাঁদ দেখতেন তখন তিনি বলতেন:

«اللَّهُمَّ أَهْلِلْهُ عَلَيْنَا بِالْيُفْنِ وَالإِيمَانِ ، وَالسَّلَامَ وَالإِسْلَامَ ، رَبِّي وَرَبُّكَ اللَّهُ»

(হে আল্লাহ! বরকত ও স্টীমান দিয়ে এবং নিরাপত্তা ও ইসলাম দিয়ে আমাদের ওপর তাকে (চন্দ্রকে) উদিত করুন। আমার ও তোমার রব হচ্ছেন আল্লাহ)[আলবানী সহিত তিরমিয়ি গ্রন্থে (২৭৪৫) হাদিসটিকে সহিত বলেছেন]

এই দোয়াটি রম্যানের চাঁদের সাথে খাস নয়। বরং প্রত্যেক মাসের শুরুতে যখনই কোন মুসলিম নতুন চাঁদ দেখবে তখনই বলবেন।

পক্ষান্তরে, প্রতিদিন রোয়ার শুরুতে দোয়া করার বিশেষ কোন দোয়া নেই।

বরং ব্যক্তি অন্তরে আগামীকাল রোয়া রাখার নিয়ত করবেন।

নিয়তের ক্ষেত্রে শর্ত হলো: রাত থেকে, ফজর হওয়ার আগেই নিয়ত করা। যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "যে ব্যক্তি ফজরের আগে রোয়ার নিয়ত পাকাপোক করেনি তার রোয়া নেই" [সুনানে তিরমিয়ি (৭৩০)] আর সুনানে নাসাঈ (২৩৩৪)-এর ভাষ্য হচ্ছে- "যে ব্যক্তি রাতের বেলায় রোয়ার নিয়ত করেনি তার রোয়া নেই।" [আলবানী সহিত তিরমিয়ি গ্রন্থে (৫৮৩) হাদিসটিকে সহিত বলেছেন]

হাদিসটির মর্ম হচ্ছে: যে ব্যক্তি রাত থেকে রোয়ার নিয়ত করেনি এবং রোয়া পালনের পাকাপোক সিদ্ধান্ত নেয়েনি তার রোয়া নেই।

নিয়ত হচ্ছে অন্তরের কাজ। তাই একজন মুসলিম অন্তরে আগামীকাল রোয়া রাখার দৃঢ় সিদ্ধান্ত নিবেন। নিয়ত উচ্চারণ করা শরিয়তসম্মত নয়। যেমন এভাবে বলা: আমি আগামীকাল রোয়া রাখার নিয়ত করেছি কিংবা এ জাতীয় কোন কথা যেগুলো কিছু মানুষের উত্তীবিত বিদাত

আল্লাহই সর্বজ্ঞ।